

Dated: 31.05.2018

Enclosed is the news clipping appeared in the 'Bartaman,' a Bengali daily dated 31.05.2018, the news item is captioned "রেফার রোগে হয়রানির অভিযোগ"

Director of Health Services, West Bengal is directed to enquire into the matter and to furnish a report by 10<sup>th</sup> July, 2018.

(Justice Girish Chandra Gupta )  
Chairperson

# ‘রেফার রোগে’

## হয়রানির অভিযোগ

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: ‘রেফার রোগে’ ফের হয়রানির শিকার এক ছ’বছরের শিশু ও তার পরিবার। তিনটি সরকার হাসপাতালের বিরুদ্ধে উঠল এই শিশুকে ভর্তি না নেওয়ার অভিযোগ। দুপুর থেকে একের পর এক হাসপাতালের চক্কর কাটার পর রাতে এসএসকেএম হাসপাতালে ভর্তি নেওয়া হয় সায়ন ঢালি নামে ওই শিশুকে। হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, গাইঘাটার বাসিন্দা সায়ন গরমের ছুটি কাটাতে পর্ণশ্রীতে তার দিদিমার বাড়ি এসেছিল। এদিন সকালে ছাদে খেলার সময় পড়ে গিয়ে গুরুতর জখম হয় সায়ন। এরপর তাকে নিয়ে পরিবারের লোকেরা বিদ্যাসাগর হাসপাতাল, পার্ক সার্কাসের চিত্তরঞ্জন মেডিক্যাল কলেজ এবং আর জি কর হাসপাতালে নিয়ে গেলে সেখান থেকে ফিরিয়ে দেওয়া হয়।